ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১২৮ ● কলকাতা ● ২৯ বৈশাখ, ১৪৩২ ● মঙ্গলবার ● ১৩ মে ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## অপারেশন সিঁন্দুর নিয়ে বিরাট বক্তব্য প্রধানমন্ত্রীর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

অপারেশন সিঁন্দুর নিয়ে জাতির উদ্দেশে ভাষণ দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি । প্রধানমন্ত্রী বলেন, ভারতের সেনাকে স্যালুট। দেশের ক্ষমতা সবাই দেখেছে। ভারত এত বড় সিদ্ধান্ত নেবে কেউ ভাবেনি। অসীম শৌর্য দেখিয়েছে ভারতীয় সেনা।উপত্যকার নিরীহ ধর্মস্থানে পর্যটকদের টার্গেট করেছে জঙ্গিরা। ভারতের প্রত্যাঘাতে পাকিস্তান দিশেহারা। ভয়ঙ্কর হামলা চালিয়ে ঐক্য ভাঙার চেষ্টা করেছিল, ভারতীয় সেনা তার জবাব দিয়েছে। ভারতের বিরুদ্ধে ষড়যন্ত্র করেছে পাকিস্তান। ষড়যন্ত্র আর সন্ত্রাসবাদ একসঙ্গে চলতে পারে না।ভারতের সেনা এজেন্সিকে ধন্যবাদ। সেনার পরাক্রম দেখেছে দেশবাসী।

এরপর ৩ পাতায়


## বিএসএফ যে দেখবে না বুঝতে পারিনি, দেখি আমি কী করতে পারি: মমতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

আটক বিএসএফ জওয়ান পূর্ণম কুমার সাউকে ফিরিয়ে আনতে সব রকমের চেষ্টা চালাবে পশ্চিমবঙ্গ সরকার। রবিবার রাতে ফোন করে নিখোঁজ জওয়ানের স্ত্রীকে এই আশ্বাস দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। রবিবার রাতে বিএসএফ জওয়ানের স্ত্রী রজনীদেবীর সঙ্গে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রায় ৫ মিনিট

এরপর ৩ পৃষ্ঠায়






# লুঙ্গি-গেঞ্জি পরে ছদ্মবেশে প্লেন ধরে পালালেন রাষ্ট্রপতি!





**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

তাঁর নামে মামলা চলছে। তিনিই কিনা দেশ ছেড়ে চলে গেলেন নিরাপত্তার ফাঁক গলে! বুধবার রাতে বাংলাদেশ ছেড়েছেন প্রাক্তন রাষ্ট্রপতি আবদুল হামিদ। তিনি সম্ভবত থাইল্যান্ড গিয়েছেন বলে মনে করা হচ্ছে। এনিয়ে শোরগোল শুরু হয়ে গিয়েছে বাংলাদেশে।এদিকে, আবদুল হামিদের দেশত্যাগে কারা জড়িত, তা জানতে একটি তদন্ত কমিটি গঠন করেছে সরকার। তিন দিনের মধ্যে রিপোর্ট দিতে বলা হয়েছে কমিটিকে। তদন্তে যারা দায়ী প্রমাণিত হবেন, তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট জেনারেল জাহাঙ্গীর আলম চৌধুরী।বিমানবন্দর সূত্রে খবর, ইমিগ্রেশনে কূটনৈতিক সুবিধার বিশেষ লাল পাসপোর্ট ব্যবহার করেন সাবেক রাষ্ট্রপতি আবদুল হামিদ।শুধু তাই নয়, বিমানবন্দরে তিনি এসেছিলেন ছদ্মবেশে। তার পরনে ছিল লুঙ্গি ও গেঞ্জি এবং মুখে ছিল মাস্ক।

২০২০ সালের ২১ জানুয়ারি আবদুল হামিদের নামে ১০ বছর মেয়াদি কূটনৈতিক পাসপোর্ট ইস্যু করা হয়। ২০৩০ সালের পয়লা জানুয়ারি পর্যন্ত এর মেয়াদ রয়েছে। শেখ হাসিনা-সহ তার সরকারের মন্ত্রী-এমপিদের লাল পাসপোর্ট ইতিমধ্যে বাতিল হলেও আবদুল হামিদের পাসপোর্ট বাতিল হয়নি। আবদুল হামিদের লাল পাসপোর্ট নিয়ে প্রশ্ন তুলেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। রবিবার সমাবেশে তিনি বলেন, সাবেক রাষ্ট্রপতি আবদুল হামিদ ফ্যাসিবাদের প্রতিনিধি। কিন্তু তার লাল পাসপোর্ট বাতিল করা হয়নি। সরকারের শক্তিশালী উপদেষ্টারা থাকা সত্ত্বেও কিভাবে পালালেন আবদুল হামিদ?

বিমানবন্দর সূত্রে খবর, জনরোষ এড়াতেই আবদুল হামিদ বিমানবন্দরে যান অনেকটা ছদ্মবেশে। পাসপোর্ট দপ্তরের এক কর্মকর্তা বলেন, সাবেক রাষ্ট্রপতিরা আমৃত্যু বিচারপতির পদমর্যাদা ভোগ করে থাকেন। এ ছাড়া বর্তমান আইনেও সাবেক রাষ্ট্রপতিদের ব্যবহৃত পাসপোর্ট সম্পর্কে সুনির্দিষ্টভাবে কিছু বলা নেই।

বুধবার মাঝরাতে লুঙ্গি, গেঞ্জি ও মুখে মাস্ক পরে শাহজালালের ভিআইপি টার্মিনালে হাজির হন আবদুল হামিদ। এরপর কঠোর গোপনীয়তায় তাকে বিমানবন্দরের ভেতরে ঢোকানো হয়। একপর্যায়ে সব ধরনের নিরাপত্তা তল্লাশি এড়িয়ে সংশ্লিষ্ট কর্মকর্তারা তাকে নির্বিঘ্নে বিমানে তুলে দেন। বুধবার রাত ৩টা ৫ মিনিটে থাই এয়ারওয়েজের এক ফ্লাইটে ব্যাঙ্ককের উদ্দেশে ঢাকা ছাড়েন আবদুল হামিদ। সেখানে যাওয়ার পর ইমিগ্রেশনে প্রয়োজনীয় যাচাই-বাছাই শেষে দেশ ছাড়ার সবুজ সংকেত পান তিনি।সূত্রের খবর, আবদুল হামিদের সুবিধার জন্য তাকে বহনকারী থাই এয়ারওয়েজের বিমানটিকে ভিআইপি টার্মিনালের কাছাকাছি আনা হয়। এরপর বিমান ছাড়ার ঠিক আগ মুহূর্তে বিশেষ গাড়িতে করে তাকে নিয়ে যাওয়া হয় বিমানবন্দরের ১২ নম্বর আউট-বে এলাকায়। আবদুল হামিদ বিমানে ওঠার বেশ কিছুক্ষণ পর সফরসঙ্গী ছেলে রিয়াদ আহমেদ এবং শ্যালক ডাক্তার এনএম নওশাদ খান বিমানে ওঠার অনুমতি পান।

# "যুদ্ধ বন্ধ না হলে ব্যবসা বন্ধ হবে" : মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প

**বেবি চক্রবর্তী**

সোমবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জাতির উদ্দেশ্যে ভাষণের ঠিক আগে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দুই দেশকে সতর্ক করে জানিয়েছেন সংঘর্ষ বন্ধ না হলে, ব্যবসার ওপর তার প্রভাব পড়বে।

এদিন হোয়াইট হাউসে বক্তৃতার শুরুতেই ভারত পাকিস্তান প্রসঙ্গে মন্তব্য করতে গিয়ে ডোনাল্ড ট্রাম্প জানান "মার্কিন প্রশাসন মধ্যস্থতা করে দুই দেশের মধ্যে তাৎক্ষণিক সংঘর্ষ বিরতি ঘটিয়েছে। ভারত এবং পাকিস্তানের মধ্যে একটি ভয়ংকর সংঘর্ষ বন্ধ করা গেছে দুই দেশেরই প্রচুর পরমাণু অস্ত্র রয়েছে। দুই দেশে কেউই থামতে চাইছে না"। এটি স্থায়ী সংঘর্ষ বিরতি হবে বলেও তিনি আশাবাদী ছিলেন। ট্রাম্প আরো বলেন " আমরা বলেছিলাম এটা বন্ধ করুন। আমরা আপনাদের সঙ্গে অনেক বাণিজ্য করতে পারি। আপনারা এটা বন্ধ করলে আমরা বাণিজ্য করতে পারি। কিন্তু যদি আপনারা এটা বন্ধ না করেন আমরা



আপনাদের সঙ্গে কোন বাণিজ্য করবো না"।

মার্কিন প্রেসিডেন্ট এদিন আরো বলেন " ভারত এবং পাকিস্তান যুদ্ধ বন্ধ করা নেপথ্যে অন্যতম বড় কারণ হলো ব্যবসা। ভারত এবং পাকিস্তান দুই দেশের নেতারাই নিজেদের দিক থেকে অটল ছিলেন এই সংঘর্ষ বিরতিতে মধ্যস্থতা করতে আমেরিকা অনেক সাহায্য করেছে"।

ভারত এবং পাকিস্তান দুই দেশকেই বাণিজ্যের দিক থেকে আমেরিকার সাহায্য করতে প্রস্তুত বলে জানান মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। হোয়াইট হাউসের বক্তৃতায় ডোনাল্ড ট্রাম্প বক্তব্য পেশ করতে গিয়ে বলেন তাঁর প্রশাসন একটি ভয়ংকর পারমাণবিক সংঘাত আটকাতে পেরেছে। এটি একটি পরমাণু যুদ্ধে পরিণত হওয়ার সম্ভাবনা ছিল। যার ফলে লক্ষ লক্ষ মানুষের মৃত্যুর সম্ভাবনা ছিল।

ভারত-পাক সংঘর্ষ বিরতি কার্যকর হওয়ার জন্য মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভান্স এবং মার্কিন বিদেশ সচিব মার্কো রুবিওকে ধন্যবাদ জানান মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

গত শনিবার ভারত পাকিস্তান সংঘর্ষ বিরোতিতে সম্মত হয়েছে। মার্কিন প্রেসিডেন্ট এর ঘোষণার পরে পাকিস্তান থেকে সরাসরি বিবৃতি আসে তারওপরে ভারতের বিদেশ সচিব বিক্রম মিশ্রী অবশ্য বিরতির কথা সরাসরি ভাবে ঘোষণা করেন। রবিবার নিজের সমাজ মাধ্যমে পাতায় মার্কিন প্রেসিডেন্ট লিখেছিলেন "ভারত এবং পাকিস্তান অনুধাবন করতে পেরেছে যে আগ্রাসন বন্ধ করার সময় এসেছে এতে আরো বেশি মৃত্যু এবং ধ্বংসের সম্ভাবনা ছিল লক্ষ লক্ষ নিরীহ সাধারণ মানুষের প্রাণহানি সম্ভাবনা ছিল"।






(১ম পাতার পর)

# বিএসএফ যে দেখবে না বুঝতে পারিনি, দেখি আমি কী করতে পারি: মমতা

ফোনে কথা হয়।ফোনে রজনীদেবী বলেন, 'আমার স্বামীই কার্যত পরিবারের একমাত্র উপার্জনকারী ব্যক্তি ছিলেন। তিনিই সপ্তাহে সপ্তাহে টাকা পাঠাতেন। তিনি নিখোঁজ হওয়ার পর থেকে টাকা পাঠানো বন্ধ। ফলে আমাদের কাছে কার্যত কোনও টাকা নেই।' একথা শুনে মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, 'বিএসএফ যে ব্যাপারটা দেখবে না এটা বুঝতে পারিনি। দেখছি আমি অন্য কোনও সোর্স কাজে লাগাতে পারি কি না।'তখনই রজনীদেবীকে আস্বস্ত করেন মমতা বন্দ্যোপাধ্যায়। গত ২৩ এপ্রিল পঞ্জাবের ফিরোজপুর সীমান্ত পেরিয়ে পাক ভূখণ্ডে ঢুকে পড়েন বিএসএফ জওয়ান পূর্ণম কুমার সাউ। এর পর পাক রেঞ্জার্সরা তাঁকে আটক করে বলে জানা গিয়েছে। হুগলির বাসিন্দা পূর্ণমের স্ত্রী রজনীদেবী গর্ভবতী। স্বামীর নিখোঁজ হওয়ার খবরে উদ্বিগ্ন হয়ে পড়েন তিনি। পূর্ণমের খোঁজে ট্রেনে করে পৌঁছন পাঠানকোটে। সেখানে বাহিনীর পদস্থ কর্তাদের সঙ্গে কথা বলেন তিনি। তাঁরাও রজনীদেবীকে আস্বস্ত করেছিলেন।এই ঘটনার পর পাকিস্তানে অপারেশন সিঁদুর চালায় ভারত। ফলে পরিস্থিতি জটিল হয়ে ওঠে। স্বামীকে ফেরত পাওয়া নিয়ে সংশয় আরও গভীর হয় রজনীদেবীর মনে। বিষয়টিতে রাজ্য সরকারের হস্তক্ষেপ চেয়ে আবেদন করেন তিনি। এর মধ্যে ঘোষণা হয় যুদ্ধবিরতির।আর তার পরই রবিবার রাতে রজনীদেবীকে ফোন করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ফোনে তিনি জানান, পূর্ণম কুমার সাউকে উদ্ধার করতে সব রকম চেষ্টা করবে তাঁর সরকার। এমনকী রজনীদেবীর চিকিৎসার কোনও প্রয়োজন হলে সরকার তার ব্যবস্থা করবে বলে জানান মুখ্যমন্ত্রী।

(১ম পাতার পর)

# অপারেশন সিঁন্দুর নিয়ে বিরাট বক্তব্য প্রধানমন্ত্রীর

ভারতের শৌর্য বিক্রম সবাই দেখেছে। প্রধানমন্ত্রী বলেন, ভারতীয় সেনা একশোর বেশি জঙ্গিকে মেরেছে। জঙ্গিদের অনেক শীর্ষ নেতাদের মৃত্যু হয়েছে। সন্ত্রাসের বিরুদ্ধে গোটা দেশ একজোট হয়েছে। ছুটি কাটাতে যাওয়া পর্যটকদের ধর্ম জেনে খুন। তিন দিনেই পাকিস্তানকে ধবংস করেছে ভারতীয় সেনা। মোদি দৃঢ় কন্ঠে বলেন, সিঁদুর মোছার শাস্তি পেয়েছে জঙ্গিরা। অপারেশন সিঁন্দুর শুধু একটা নাম নয়, মা বোনদের সিঁথির সিঁদুর মুছেছিল জঙ্গিরা। অপারেশন সিঁন্দুর ন্যায়ের প্রতীক। সিঁদুর মোছারের শাস্তি পেয়েছে জঙ্গিরা।

# দিঘার জগন্নাথধাম দর্শনে যাবেন সুকান্ত', দাবি কুণালের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

দিঘার জগন্নাথধাম দর্শনে গিয়ে প্রবল বিতর্কের মুখে পড়েছিলেন দিলীপ ঘোষ। রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার-সহ একাধিক পদ্মনেতা এনিয়ে উষ্মাপ্রকাশ করেছিলেন। এসবের মাঝেই সোশাল মিডিয়ায় বিস্ফোরক দাবি করলেন তৃণমূলের অন্যতম রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষ। লিখলেন, কয়েকদিনের মধ্যেই নাকি জগন্নাথধাম দর্শনে যাবেন সুকান্ত মজুমদার।এবিষয়ে যোগাযোগ করা হলে সংবাদ প্রতিদিন ডিজিটাল-কে সুকান্ত মজুমদার বলেন, "এখনও পর্যন্ত পূর্ব মেদিনীপুরের আমার কোনও



কর্মসূচি নেই। তৃণমূল এরকম অনেক কিছুই বলে থাকে।" অর্থাৎ কুণাল ঘোষের দাবি কার্যত উড়িয়ে দিয়েছেন সুকান্ত। প্রসঙ্গত, ৩০ এপ্রিল দিঘায় উদ্বোধন হয়েছে জগন্নাথমন্দির। পালটা দিলেন রাজ্য বিজেপি সভাপতি। সাফ জানালেন, আপাতত পূর্ব মেদিনীপুরে তাঁর কোনও কর্মসূচিই নেই। নিশানা করলেন তৃণমূলকেও। বিষয়টা ঠিক কী? সোমবার সকালে সুকান্ত মজুমদারের দিঘা সফর সংক্রান্ত পোস্ট করেন কুণাল ঘোষ। লেখেন, "সূত্রের খবর: দিঘায় প্রভু জগন্নাথদেবের মন্দিরে প্রণাম করতে খুব শিগগিরই যাবেন সুকান্ত মজুমদার নামে এক সাংসদ। তাঁর দল পূর্ব মেদিনীপুরে একটি কর্মসূচি করবে। ফেরার পথে প্রভুকে দর্শন করে আসবেন।" এর নিচেই কুণাল আরও লেখেন, "যদি উনি যান, বুঝবেন খবর ঠিক। আর যদি না যান, বুঝবেন তাহলেও খবর ঠিক। আগাম জানাজানি হওয়ায় আপাতত স্থগিত।" এই পোস্ট ঘিরে স্বাভাবিকভাবেই শোরগোল রাজনৈতিক মহলে। কারণ, এই জগন্নাথধাম দর্শন করেই দলের রোষের মুখে পড়েছিলেন দিলীপ।

# একশো সিভিক ভলান্টিয়ার নিয়োগে বিজ্ঞপ্তি জারি নবান্নের




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

অক্ষয় তৃতীয়ার দিন দিঘায় জগন্নাথ মন্দির উদ্বোধন হয়। তার আগে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে নবান্নে বৈঠকে বসেছিল রাজ্য মন্ত্রিসভা। ওই বৈঠকে সিদ্ধান্ত হয়েছিল, দিঘায় জগন্নাথ মন্দির প্রাঙ্গণে যানবাহন এবং ভিড় নিয়ন্ত্রণের জন্য ১০০ জন সিভিক ভলান্টিয়ার নিয়োগ করা হবে।এছাড়া হুগলি জেলার সিঙ্গুর ট্রমা কেয়ার সেন্টারে এই অনুমোদনের কারণে আরও দ্রুত ও ভাল জরুরি চিকিৎসা পরিষেবা পাবেন সাধারণ মানুষ। আর পরিবহণ দফতরের জন্য দু'টি নতুন আইন অফিসার পদ তৈরির সিদ্ধান্তও নিয়েছে রাজ্য মন্ত্রিসভা। সিভিক ভলান্টিয়ার নিয়োগের ক্ষেত্রে আবেদনকারীর কোনও অপরাধমূলক রেকর্ড থাকলে তার আবেদনপত্র গ্রহণ করা হবে না। জেলা পুলিশ সূত্রে খবর, ইতিমধ্যেই দুটি থানা থেকে বেশ কিছু আবেদনপত্র জমা পড়েছে। সুতরাং দিঘার মন্দিরকে ঘিরে এবার কর্মসংস্থান হতে চলেছে।দিঘায় জগন্নাথ মন্দির উদ্বোধনের পর এই নিয়োগ নিঃসন্দেহে তাৎপর্যপূর্ণ। এই নিয়োগের কারণে পর্যটনের পাশাপাশি কর্মসংস্থানও হবে। রাজ্য মন্ত্রিসভার সিদ্ধান্ত মতো এবার বিজ্ঞপ্তিও জারি করা হলো। এদিকে পুরীর জগন্নাথ মন্দিরের ধাঁচে দিঘাতেও জগন্নাথ মন্দির নির্মিত হয়েছে। এই মন্দিরেরই উদ্বোধন করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মন্দির উদ্বোধনের পর স্বাভাবিকভাবেই সেখানে পর্যটকের সংখ্যা মারাত্মক হারে

এরপর ৪ পাতায়

# সম্পাদকীয়

## অপারেশন সিঁদুরে মৃত্যু কত পাক সেনার? খতম কত জঙ্গি? জানাল ভারতীয় সেনা

পহেলগাঁওয়ের বৈসরনে জঙ্গি হামলায় মৃত্যু হয়েছে ২৬ জনের। সন্ত্রাসবাদী কার্যকলাপে যুক্ত অপরাধীদের নিকেশ করতে পালটা ভারতীয় সেনার অপারেশন সিঁদুর । তাতে ঠিক কতটা ক্ষয়ক্ষতি হয়েছে, তা নিয়ে নানা বিভ্রান্তিকর তথ্য দিচ্ছে পাকিস্তান। রবিবার যৌথ সাংবাদিক সম্মেলনে স্পষ্ট তথ্য দিল ভারতীয় সেনা।এদিন সাংবাদিক সম্মেলনে স্পষ্ট জানানো হয় পাকিস্তানি সেনা বা সীমান্তের ওপারের বাসিন্দাদের সঙ্গে ভারতের কোনও দ্বন্দ্ব নেই। ভারত শুধুমাত্র সন্ত্রাসবাদের বিরোধীরা। পাকিস্তান হামলা চালায় বলেই প্রত্যাঘাত। তবে রবিবার রাত বা তারপরে একই ঘটনার পুনরাবৃত্তি হলে ভারতের তরফে পূর্ণ ক্ষমতা প্রয়োগ করা হবে।

ডিজিএমও লেফটেন্যান্ট জেনারেল রাজীব ঘাই জানান, পাকিস্তানে ৯টি জঙ্গিঘাঁটিতে হামলায় শতাধিক জঙ্গির মৃত্যু হয়েছে। তার মধ্যে তিনজন শীর্ষ জঙ্গিনেতা। তারা হল ইউসূফ আজহার, আবদুল মালিক রাউফ এবং মুদস্সর খাস। জঙ্গিদের মধ্যে কেউ কেউ পুলওয়ামা হামলাতেও যুক্ত। তিনি আরও জানান, ৭-১০ মে-র মধ্যে প্রত্যাঘাতে পাকিস্তানি সেনাবাহিনীর কমপক্ষে ৩৫-৪০ জন জওয়ানের মৃত্যু হয়েছে। পাকিস্তানের অমানবিক চেহারা প্রকাশ্যে এনে এদিন তিনি আরও জানান, নিয়ন্ত্রণরেখা লঙ্ঘন করে বেশ কয়েকটি গ্রাম। গুরুদ্বারের মতো নানা ধর্মীয় স্থানে আঘাত করার চেষ্টা করেছে।সাংবাদিক সম্মেলনে এদিন পাকিস্তানের বিরুদ্ধে ডিজিএমও এয়ার মার্শাল এ কে ভারতী জানান, ৯-১০ মে-র মধ্যে আকাশসীমার অভ্যন্তরে ড্রোন এবং বিমান ঢোকে পাকিস্তানের। বেশ কয়েকটি সামরিক ঘাঁটিতে হামলা চালানোর চেষ্টা করে। পাকিস্তানি ইউএভি ও ড্রোন নিশানা করে জম্মু, উধমপুর, পাঠানকোট, জয়সলমের ও উত্তর লাই-সহ বেশ কয়েকটি বায়ুসেনা ঘাঁটিকে। সেই হামলা সফল হয়নি। এয়ার ডিফেন্স সিস্টেম সমস্ত হামলাকারী ড্রোনকে ধ্বংস করে দেয়।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



**মৃত্যুঞ্জয় সরদার**
**(পঁচিশতম পর্ব)**



ফলে উঠে আসলেন লক্ষ্মী, লক্ষ্মী দেবী এবং ঠাই পেলেন বিষ্ণুর বক্ষে। সমুদ্র থেকে দেবীর উদ্ভব বলে দেবীকে বলা হয় সমুদ্রোদ্ভবা। সমুদ্র হল অশেষ ধন-রত্নের আধার। ধনরত্নে পরিপূর্ণ বলে সমুদ্রকে রত্নাকরও বলা হয়। যেহেতু লক্ষ্মী দেবী হলেন ধন-সম্পদের দেবী সেহেতু সমুদ্র থেকে দেবী লক্ষ্মীর উৎপত্তির কাহিনী কল্পিত হওয়া বিচিত্র কিছু নয়। বিষ্ণু হলেন জগতের প্রতিপালক। প্রজাদের লালন-পালন করতে ধন-রত্নের প্রয়োজন রয়েছে আর সেজন্যই বিষ্ণু ধন-ঐশ্বর্যের লক্ষ্মী দেবীকে বুকে স্থান দিলেন।লক্ষ্মী দেবীর রূপলক্ষ্মী

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(৩ পাতার পর)

## একশো সিভিক ভলান্টিয়ার নিয়োগে বিজ্ঞপ্তি জারি নবান্নের

বেড়ে গিয়েছে। সাড়ে তিন দিনে ১০ লাখ পর্যটক সেখানে এসেছেন বলে খবর। বিদেশ থেকেও পর্যটকরা এখানে ভিড় জমিয়েছেন। এই পরিস্থিতিতে প্রস্তুত থাকতে ১০০ জন সিভিক ভলান্টিয়ার নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়। তাঁরা মন্দির চত্বরের যানবাহন ও ভিড় নিয়ন্ত্রণের কাজ করবে। সেটাই এবার হতে চলেছে। আবেদনকারীরা দিঘা থানা এবং দিঘা মোহনা থানা থেকে আবেদনপত্র সংগ্রহ করবে। আর সেখানেই প্রত্যেকদিন সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত আবেদনপত্র জমা দিতে পারবে।

অন্যদিকে এই সিভিক ভলান্টিয়ারের চাকরির জন্য আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৯ মে। তার পরে কোনও আবেদনপত্র গ্রহণ করা হবে না বলে পরিষ্কার জানানো হয়েছে। ১১৪টি শূন্যপদে নিয়োগের ছাড়পত্র দিয়েছে রাজ্য মন্ত্রিসভা। সিভিক ভলান্টিয়ার নিয়োগ এবং হুগলি জেলার সিঙ্গুর ট্রমা কেয়ার সেন্টারে ১২টি অতিরিক্ত প্যারামেডিকেল পদ তৈরির অনুমোদন মিলেছে। তবে এখানে আবেদনকারী সকলকে ন্যূনতম ২০ বছর বয়স হতে হবে। তার সঙ্গে ন্যূনতম অষ্টম শ্রেণি পাশ হতে হবে। আর যাঁদের এনসিসি, এনএসএস, সিভিল ডিফেন্স-সহ কম্পিউটারের দক্ষতা রয়েছে তাঁদের অগ্রাধিকার দেওয়া হবে।

## সতীপীঠের অন্যতম কামাখ্যা



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

এই মন্দিরগুলিতে দশমহাবিদ্যা অর্থাৎ ভুবনেশ্বরী, বগলামুখী, ছিন্নমস্তা, ত্রিপুরাসুন্দরী, তারা, কালী, ভৈরবী, ধূমাবতী, মাতঙ্গী এবং কমলা এই দশ দেবীর মন্দির রয়েছে। তার মধ্যে ত্রিপুরাসুন্দরী, মাতঙ্গী এবং কমলা প্রধান মন্দিরে পূজিত হন।

**ক্রমশঃ**


## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# পাকিস্তানে অস্ত্রবোঝাই কার্গো বিমান পাঠানোর গুজব উড়িয়ে দিল চিন

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

ভারতের সঙ্গে যুদ্ধে পাকস্তানকে আধুনিক অস্ত্রশস্ত্র-সহ সাহায্য করছে চিন। এমন গুঞ্জন আনাচে-কানাচে ভেসে বেড়াচ্ছে। এবার সমস্ত গুজব অস্বীকার করল বেইজিং। সোমবার (১২ মে) চিনা সেনাবাহিনী তাঁদের বৃহত্তম সামরিক কার্গো বিমানের মাধ্যমে পাকিস্তানে অস্ত্র সরবরাহ করার খবরটি পুরোপুরি অস্বীকার করেছে।পহেলগাঁও সন্ত্রাসী হামলার প্রতিশোধ হিসেবে গত ৭ মে পাকিস্তান এবং পাক-অধিকৃত কাশ্মীরে নয়টি সন্ত্রাসী ধ্বংস করেছে ভারতের 'অপারেশন সিঁদুর' অভিযান। এর একদিন পর পাকিস্তানের বেশ কয়েকটি বিমানঘাঁটিতে বড় ধরনের হামলা চালানো হয়, যার ফলে পাকিস্তানের কোমর ভেঙে গিয়েছে। ভারতের বিমান প্রতিরক্ষা ক্ষেপণাস্ত্র ব্যবস্থা পাকিস্তানের ঝাঁক ড্রোন এবং ক্ষেপণাস্ত্র সফলভাবে ব্যর্থ করে দেয়। আর ভারতের বিরোধিতা করে এই ধরনের প্রচার করে চিনের সরকারি সংবাদমাধ্যমগুলি। তবে বিপাকে পড়তেই চিন জানিয়েছে যে, তারা ভারত ও পাকিস্তানের মধ্যে যুদ্ধবিরতি আনতে গঠনমূলক ভূমিকা পালন করবে। ভারত ও পাকিস্তান যুদ্ধবিরতির গতি সুসংহত ও বজায়



রাখবে, নতুন করে সংঘাত এড়াবে। এদিকে চিনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র লিন জিয়ান জানিয়েছে যে, চিন উভয় পক্ষের সঙ্গে যোগাযোগ বজায় রাখতে এবং একটি ব্যাপক ও স্থায়ী যুদ্ধবিরতি অর্জন এবং আঞ্চলিক শান্তি ও স্থিতিশীলতা রক্ষায় গঠনমূলক ভূমিকা পালন অব্যাহত রাখতে প্রস্তুত।

পাশাপাশি এবং এই ধরনের গুজব ছড়ানো ব্যক্তিদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দিয়েছে। অন্যদিকে পাকিস্তানও চিনের কাছ থেকে আধুনিক অস্ত্রশস্ত্র নেওয়ার বিষয়টি অস্বীকার করেছে। সোমবার চিনের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশিত এক প্রতিবেদনে বলা হয়েছে যে, "ওয়াই-২০ বিমান পাকিস্তানে অস্ত্রসস্ত্র পরিবহন করেছে, এমন প্রচুর তথ্য ইন্টারনেটে ভাইরাল হয়েছে। কিন্তু এই ধরনের দাবি সম্পূর্ণ মিথ্যা। ইন্টারনেট আইনের বাইরে নয়! যারা সামরিক বাহিনী সম্পর্কিত গুজব তৈরি করবে এবং তা ছড়িয়ে দেবে তারা আইনত বিপাকে পড়বে। পাশাপাশি পিপলস লিবারেশন আর্মি এয়ারফোর্স ভুল তথ্য ভাগ করে নেওয়া ছবি এবং শব্দের বেশ কয়েকটি স্ক্রিনশটও জুড়ে দিয়েছে পোস্টে।

ভারত ও পাকিস্তানের মধ্যে সমঝোতা হওয়ার দুই দিন পরে বিষয়টি প্রকাশ্যে এসেছে। তবে এটি রটল কী করে? সম্প্রতি স্টকহোম ইন্টারন্যাশনাল পিস রিসার্চ ইনস্টিটিউট (SIPRI) এর একটি প্রতিবেদন জানানো হয়েছিল যে, ভারতের বিরুদ্ধে যুদ্ধে চিন বিপুল পরিমাণে আধুনিক অস্ত্রশস্ত্র দিয়ে পাকিস্তানকে সাহায্য করছে। ২০২০ থেকে ২০২৪ পর্যন্ত চিন পাকিস্তানের কাছে ৮১ শতাংশ অস্ত্র বিক্রি করছে। এর মধ্যে রয়েছে, জেট ফাইটার, রাডার, নৌ জাহাজ, সাবমেরিন এবং ক্ষেপণাস্ত্র। এমনকী উভয় দেশ যৌথভাবে জে-১৭ বিমান তৈরি করেছে। এছাড়াও পাকিস্তান চিনের অস্ত্রশস্ত্র ব্যবহার করে আসছে। আর দুই দেশের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। এমনকী চিনা সরকারি সংবাদমাধ্যম গত কয়েকদিন ধরে ভারত-পাকিস্তান সামরিক সংঘর্ষে যথেষ্ট আগ্রহ দেখিয়েছে।

# যুদ্ধ নয় শান্তি চাই, ভারত সরকারকে অনুরোধ বুদ্ধ ভিক্ষুদের



**বেবি চক্রবর্তী**

যুদ্ধ বা হিংসা কোনো সমস্যার সমাধান নয়। তাই যুদ্ধ বন্ধ করে মানুষের জীবনে শান্তি ফিরিয়ে আনতে শান্তির বানী প্রচার করেছিলেন গৌতম বুদ্ধ। আজকের দিনে যেভাবে বিশ্ব জুড়ে মানুষ, হানাহানী, হিংসা ও যুদ্ধে সামিল হয়েছেন সেখানে গৌতম বুদ্ধের দেখানো পথেই একমাত্র শান্তি ফিরে আসবে বলে মনে করেন বুদ্ধ ভিক্ষুরা। তাই বুদ্ধ জয়ন্তিতে বিশ্ব শান্তির জন্যে প্রার্থনা করলেন দেশ বিদেশের বুদ্ধ ভিক্ষুরা।

বুদ্ধ জয়ন্তী উপলক্ষে কলকাতার মেয়ো রোডে সিদ্ধার্থ ইউনাইটেড সোশ্যাল ওয়েলফেয়ার মিশন এর উদ্যোগে ২৫৬৯ তম ইন্টারন্যাশনাল বিসাখ ডে পালন করা হয়। এ উপলক্ষে বিশ্ব শান্তির উপর এক আলোচনা সভায় অংশ নেন বুদ্ধ সন্নাসীরা।

পশ্চিমবঙ্গ বুদ্ধ জয়ন্তী উদযাপন কমিটির সভাপতি ডঃ বুদ্ধপ্রিয় মহাথেরো বলেন,যুদ্ধ কখোনোই সমাধানের পথ নয়।গৌতম বুদ্ধ চেয়েছিলেন আলোচনার মাধ্যমে সমস্যার সমাধান করতে। তাই ভারত সরকার ও সারা বিশ্বের কাছে, বিভিন্ন দেশের সরকারের কাছে তাদের আবেদন যে আলোচনার মাধ্যমে সমস্যার সমাধান করে শান্তি ফিরিয়ে আনার। তিনি বলেন সন্ত্রাস মোকাবিলায় ভারত সরকার যে ভূমিকা নিয়েছে তা খুবই প্রশংসনীয়।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219, (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhattacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# শিয়ালদহে ধর্ষণে অভিযুক্তকে ধরতে এসে আক্রান্ত তামিল পুলিশ

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

তামিলনাড়ুতে এক নাবালিকাকে ধর্ষণের পর পলাতক পরিযায়ী শ্রমিক কলকাতায়। অন্তঃসত্ত্বা ওই নাবালিকার অভিযোগের ভিত্তিতে শহরে হানা দিতেই পরিযায়ী শ্রমিকের পরিবারের হাতে আক্রান্ত হলেন তামিলনাড়ু পুলিশের আধিকারিকরা। শেষ পর্যন্ত ১০০ ডায়ালেই বাঁচল তাঁদের প্রাণ। কলকাতা পুলিশ উদ্ধার করল তামিলনাড়ু পুলিশের আধিকারিকদের।

পুলিশ তদন্ত করে জানতে পারে যে, অভিযুক্ত আব্বাস ও কিশোরীর সঙ্গে যার সম্পর্ক রয়েছে, তারা দু'জনই পলাতক। আব্বাসের মোবাইল নম্বর পরীক্ষা করে তামিলনাড়ুর পুলিশ জানতে পারে যে, সে কলকাতায় পালিয়েছে। সেই সূত্র ধরেই পুলিশ শিয়ালদহে এসে জানতে পারে যে, এখানে ফল ব্যবসায়ীদের হয়ে কাজ করছে ওই পরিযায়ী শ্রমিক। এখানে রয়েছে তার স্ত্রী ও পরিবার। তাকে শনাক্ত করার পর পুলিশ শিয়ালদহে তাকে ধরে ফেলে। তার পরই শুরু হয় গোলমাল। এদিন শিয়ালদহ আদালতে তোলা হলে চার দিনের জন্য তার ট্রানজিট রিমান্ড মঞ্জুর করেন বিচারক। তাকে জেরা করে অন্য পলাতককে ধরার চেষ্টা হচ্ছে বলে জানিয়েছে পুলিশ।পূর্ব কলকাতার এন্টালি থানা ও তামিলনাড়ুর তিরুপ্পুর জেলা পুলিশের যৌথ অভিযানে গ্রেপ্তার হল আব্বাস বৈদ্য নামে ওই পরিযায়ী শ্রমিকও।

পুলিশ জানিয়েছে, রবিবার ১০০ ডায়ালে একটি ফোন পেয়ে তৎপর হয়ে ওঠে লালবাজার। এক ব্যক্তি নিজেকে তামিলনাড়ু পুলিশের সাব ইন্সপেক্টর পরিচয় দিয়ে লালবাজারের কন্ট্রোল রুমে ফোন করেন। তিনি জানান, তামিলনাড়ুতে এক নাবালিকাকে ধর্ষণ তথা পকসো মামলায় পলাতক অভিযুক্তকে গ্রেপ্তার করতে এসে শিয়ালদহ স্টেশনের কাছে তাঁদের ঘিরে ফেলা হয়েছে। তাঁদের উপর শুরু হয়েছে হামলা। তাঁরা অভিযুক্তকে ধরে ফেলেছেন। কিন্তু তাঁদের কাছ থেকে অভিযুক্তকে কেড়ে নিয়ে যাওয়ার চেষ্টা হচ্ছে। এই তথ্য পেয়েই লালবাজারের পক্ষ থেকে এন্টালি থানাকে বিষয়টি জানানো হয়।




এন্টালি থানার পুলিশ আধিকারিকরা কিছুক্ষণের মধ্যেই শিয়ালদহ স্টেশন চত্বরে এসে দেখেন, ভিনরাজ্যের পুলিশ আধিকারিকদের মারধর করতে উদ্যত এলাকার কিছু ব্যবসায়ী তথা বাসিন্দা। কলকাতা পুলিশের বাহিনীই 'চক্রব্যূহ'র মধ্যে থেকে তামিলনাড়ু পুলিশের বাহিনীকে বের করে নিয়ে আসেন। তাঁদের উপর যাতে কোনওরকম হামলা না হয়, সেই ব্যবস্থা তাঁরা করেন। ধৃত আব্বাস বৈদ্য যাতে পালাতে না পারে, সেই ব্যবস্থাও করে এন্টালি থানার পুলিশ। ধৃতকে এন্টালি থানায় নিয়ে আসা হয়।

তামিলনাড়ু পুলিশের কাছ থেকে কলকাতা পুলিশের আধিকারিকরা জানতে পারেন যে, পরিযায়ী শ্রমিকের কাজ করতে আব্বাস কলকাতা থেকে গিয়েছিল তামিলনাড়ুর তিরুপ্পুরে। সেখানে এই রাজ্যের অনেক বাসিন্দাই কাজ করে। তাঁদের মধ্যে এক ১৪ বছর বয়সের নাবালিকার সঙ্গে সম্পর্ক তৈরি হয় এই রাজ্যেরই অন্য এক পরিযায়ী শ্রমিকের। আব্বাস বৈদ্য তার পরিচিত ওই যুবকের সঙ্গে নাবালিকাকে একটি নির্জন জায়গায় ঘনিষ্ঠ হতে দেখে। একটু দূর থেকে নিজের মোবাইলে সেই দৃশ্য তুলে নেয় সে। এর পর থেকে আব্বাস ওই ভিডিওটি নাবালিকাকে ডেকে দেখিয়ে তাকে ব্ল্যাকমেল করতে থাকে। সে নাবালিকাকে কুপ্রস্তাব দেয়। নাবালিকা তাতে রাজি না হলে সেই ভিডিও সোশাল মিডিয়া ও তার অভিভাবকদের কাছে ছড়িয়ে দেবে বলে জানায়। তার কথায় বাধ্য হয়ে নাবালিকা বিভিন্ন জায়গায় যায়।

আব্বাস তাকে একাধিকবার ধর্ষণ করে বলে অভিযোগ। এর মধ্যেই নাবালিকা অসুস্থবোধ করতে থাকে। অভিভাবকরা তাকে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা জানান, ওই কিশোরী চার মাসের অন্তঃসত্ত্বা। হাসপাতালের পক্ষ থেকে তামিলনাড়ুর চাইল্ড লাইনে অভিযোগ জানানো হয়। চাইল্ড লাইনের আধিকারিকরা তিরুপ্পুরের পুলিশ আধিকারিকদের সঙ্গে নিয়ে কিশোরীকে প্রশ্ন করতেই সে আব্বাসের কুকীর্তি সামনে নিয়ে আসে। তার অভিযোগের ভিত্তিতে পকসো আইনে মামলা শুরু হয়। নাবালিকা সেখানকার আদালতে গিয়ে গোপন জবানবন্দি দেয়।

## পবিত্র বুদ্ধ পূর্ণিমা উদযাপন হুগলির রিষড়ায়



বলাইচাঁদ মুখোপাধ্যায়, রিষড়া, হুগলি

সিদ্ধার্থের জন্ম, বুদ্ধত্ব লাভ ও মহাপরিনির্বাণ এই নিয়ে ত্রিস্মৃতি বিজড়িত বুদ্ধ পূর্ণিমা। এই উপলক্ষে রিষড়া বৌদ্ধ সমিতি পাঁচলোকির পরিচালনায় বৌদ্ধ ধর্মালম্বীদের উপাসনা স্থল রিষড়া বৌদ্ধবিহারে রবিবার থেকে তিন দিনব্যাপী বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে ২৫৬৯ তম পবিত্র বুদ্ধ পূর্ণিমা সাড়ম্বরে পালিত হচ্ছে। রবিবার সকালে বিশ্ব বৌদ্ধ পতাকা উত্তোলন করে অনুষ্ঠানের শুভ সূচনা করা হয়। তারপর বুদ্ধপূজা ও পঞ্চশীল গ্রহণ করা হয়। সন্ধ্যায় পঞ্চশীল গ্রহণ ও ধর্মালোচনা সভা হয়। বৌদ্ধ পূর্ণিমার সকাল থেকে বৌদ্ধ সন্ন্যাসীদের পবিত্র ত্রিপিটক পাঠের মধ্যে দিয়ে শুরু হয়েছে ভগবান বুদ্ধের ২৫৬৯ তম জন্মজয়ন্তী পালন উৎসব। এই উপলক্ষে একদিকে যেমন সেজে উঠেছে রিষড়া বৌদ্ধ সমিতি, তেমনি পবিত্র ত্রিপিটক নিয়ে বৌদ্ধ ধর্মাবলীদের একটি শোভাযাত্রা রিষড়া শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে শান্তির বাণী প্রচার করে ফিরে আসে উপাসনা স্থলে। বর্তমান সময়ে ভগবান বুদ্ধের ২৫৬৯ তম জন্মজয়ন্তী পালনের উদ্দেশ্য প্রসঙ্গে রিষড়া বৌদ্ধ সমিতির পক্ষে প্রাক্তন সম্পাদক বিজন বড়ুয়া , পুলক বড়ুয়া কোষাধক্ষ্যএবং শুভানন্দ ভিক্ষু উপাধ্যক্ষ এবং বর্তমান সম্পাদক প্রদ্যুৎ কুমার চৌধুরী বলেন," ভগবান বুদ্ধ বিশ্ব জুড়ে শান্তির বাণী প্রচার করেছিলেন, তাই আজও আমরা এই বিশেষ দিনের শান্তির উদ্দেশ্যে পুজা পাঠ করছি। আজকের দিনে বিশ্বজুড়ে যে হিংসার বাতাবরণ তৈরি হয়েছে, তা থেকে মুক্তি পেতে গৌতম বুদ্ধের আদর্শে মানুষকে এগিয়ে চলতে হবে।

# সিনেমার খবর

## অশ্রুভেজা চোখে অর্জুন-অনন্যাদের প্রতি অভিযোগ ইরফান পুত্রের

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

এলোমেলো চুল, চোখে অশ্রু। এভাবেই ক্যামেরার সামনে এসে ক্যামেরার সামনে এসে কান্নায় ভেঙে পড়লেন প্রয়াত বলিউড অভিনেতা ইরফান খানের পুত্র বাবিল খান। বলিউড নিয়ে একরাশ ক্ষোভ উগরে দিলেন তিনি।

নিজের ইনস্টাগ্রামে সেই ভিডিও পোস্ট করেছিলেন বাবিল। অবশ্য কিছুক্ষণের মধ্যেই সেই ভিডিও সরিয়ে ফেলেন তিনি। তারপর নিজের ইনস্টাগ্রাম অ্যাকাউন্টই বন্ধ করে দেন। কিন্তু ততক্ষণে সেই ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ে।

কাঁদতে কাঁদতে বাবিল বলেছিলেন, বলিউড একটা জঘন্য জায়গা। বলিউডের লোকজন খুবই রূঢ়। এখানেই শেষ নয়, অনন্যা পান্ডে, অর্জুন কাপুর, সিদ্ধান্ত চতুর্বেদী, শানায়া কাপুর, রাঘব জুয়াল, আদর্শ গৌরব এবং অরিজিৎ সিংয়ের নামও উল্লেখ করেন তিনি। তবে, ঠিক কী কারণে হঠাৎ ক্যামেরার সামনে ক্ষোভ প্রকাশ করলেন তিনি তা স্পষ্ট নয়।

বলিউডের বৈষম্য নিয়ে তিনি ভেঙে পড়েছেন বলে ধারণা অনেকের।



এই ভিডিও দেখার পরে ইরফান খানের ভক্তদের অনেকেই বাবিলের মানসিক স্বাস্থ্য নিয়ে চিন্তিত হয়ে পড়েছেন। তাদের প্রশ্ন, বাবিল কি বলিউডে নিজেকে একঘরে মনে করছেন? ঠিক কী ঘটেছে, যার জন্য নিজেকে এতটা অসহায় মনে করছেন ইরফান পুত্র? ভক্তদের আবেদন হলো, বাবিলের প্রতি যেন বলিউডের শিল্পীরা সহানুভূতিশীল হন এবং তাকে বোঝার চেষ্টা করেন।

এক জায়গায় বাবিল বলেছিলেন, আমি একটা কথাই আপনাদের বলতে চাই। এই বলিউডেই শানায়া কাপুর, অনন্যা পান্ডে, অর্জুন কাপুরদের মতো লোকজন রয়েছেন। এমনকি অরিজিৎ সিং। আরও এমন অনেক নাম রয়েছে। বলিউড একটা খুব খারাপ জায়গা। এখানে সবাই খুব রূঢ়।

আর একটি ভিডিওতে বাবিলকে বলতে শোনা যাচ্ছে, বলিউডের মতো ভুয়ো জায়গা আর একটাও নেই। তবে কিছু মানুষ রয়েছেন, যারা বলিউডকে ভালো করে গড়ে তুলতে চান। আমার এই বলিউডকে অনেক কিছু দেওয়ার আছে।

গত সপ্তাহেই ছিল ইরফান খানের পঞ্চম মৃত্যুবার্ষিকী। প্রতি বছরের মতোই এবারও বাবাকে স্মরণ করে ইনস্টাগ্রামে পোস্ট করেছিলেন বাবিল।

## আসিনের বলিউড ছাড়ার কারণ কী অক্ষয়?

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

২০১২ সালে মুক্তিপ্রাপ্ত 'খিলাড়ি ৭৮৬' সিনেমায় অক্ষয়ের বিপরীতে অভিনয় করেন আসিন। শুটিংয়ের ফাঁকে আসিন অক্ষয়কে বিয়ের জন্য পাত্র দেখতে বলেন। সেই কথা ভোলেননি অক্ষয়। সেই বছরই মুক্তি পায় 'হাউসফুল ২' সিনেমা। সিনেমাটির প্রচারণায় উপস্থিত ছিলেন অক্ষয় ও আসিন। ঠিক তখনই রাহুল শর্মা নামের এক ব্যক্তির সঙ্গে আসিনের আলাপ করিয়ে দেন অক্ষয়।

তারপরে তাদের মধ্যে বন্ধুত্ব হয়। আর সেই থেকেই প্রেম। চার বছর সম্পর্কে থাকার পর রাহুলকে বিয়ে করেন আসিন। বিয়ের পরই অভিনয় থেকে অনেকটা দূরে সরে যান অভিনেত্রী। তারপরে সেভাবে তাকে আর বড় পর্দায় দেখা যায়নি।

বলিউডের অনেকেই মনে করেন,



অক্ষয়ের জন্যই বুঝি অভিনয় ছেড়েছেন আসিন। সেই নিয়েই সম্প্রতি এক সাক্ষাৎকারে মুখ খুলেছেন অক্ষয়।

তিনি আসিনের অভিনয় ছাড়াকে কেন্দ্র করে বলেন, আমি এমনটা অনেক সময়ই শুনেছি যে, আমার জন্য নাকি আসিনকে বড় পর্দায় দেখা যায় না। এর পেছনে একটা কারণও রয়েছে। তবে পুরোটা যে সত্যি, তা একেবারেই নয়।

অক্ষয় বলেন, আসিনের বিয়ে উপলক্ষ্যে বরপক্ষ এবং কনেপক্ষের দু'দিক থেকেই নিমন্ত্রিত ছিলাম আমি। বলিউডের সবাই জানতেন যে, রাহুল এবং আসিনের বিয়েতে 'ঘটক' হিসেবে আমিই কাজ করেছিলাম।

তিনি বলেন, আসলে এখানে গল্পটা অন্য। রাহুল আমার বন্ধু। হাউসফুল ২' সিনেমার প্রচারে আমরা দিল্লি গিয়েছিলাম। সেখানে আমরা হঠাৎ লুকোচুরি খেলতে শুরু করি। আমিই ওদের দু'জনকে একটা আলমারির ভেতর ঢুকিয়ে দিই। আর এখন দেখুন, কেমন সংসার করছে দু'জনে।

বিয়ে হওয়ার পর অভিনয় জগত থেকে দূরে সরে যান আসিন। বিয়ের এক বছর পর কন্যা সন্তানের জন্ম দেন তিনি। তারপর থেকেই বলিপাড়ার অনেকেই মজা করে বলেন, রাহুলের সঙ্গে অক্ষয় আলাপ করিয়ে দিয়েছিলেন বলে তার জন্য আসিন অভিনয় ছেড়ে দেন। তাই আসিনের বলিউড ছাড়ার কারণ অক্ষয়।

## সালমান দিনে একরকম, রাতে অন্যরকম; কেন বললেন মিকা সিং?



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বলিউডের দুই রথী সালমান খান ও শাহরুখ খানের সঙ্গে বন্ধুত্বের নানা গল্প শেয়ার করেছেন ভারতীয় র‍্যাপার মিকা সিং। সম্প্রতি এক পডকাস্টে তিনি সালমান খান সম্পর্কে বেশ কিছু গোপন কথা প্রকাশ করেন। তার মতে, সালমানের নানা রূপ রয়েছে, যা অনেকের অজানা।

সালমান প্রসঙ্গে এক বিস্ফোরক কথা ফাঁস করেন মিকা। বলেন, 'সালমান ভাই যদি দু পেগ মদ খেয়ে ফেলেন, তাহলে সালমান আর নিজের মধ্যে থাকে না। সালমানের কাছে তখন সবাই তার প্রিয় বন্ধু। অন্য একটা জগতে চলে যান তিনি। জোরে জোরে হাসেন। খুব মজা করেন। একবার তো সালমান দু পেগ ড্রিঙ্ক করে নিজের ভাইদেরই চিনতে পারছিলেন না। তবে হ্যাঁ, নেশা করলেও সালমান কখনও বেহুঁশ হন না। তিনি একেবারেই ভোলেন না তিনি একজন অভিনেতা, দেশের নামকরা একজন মানুষ। তাই তার ব্যবহার খুবই মাপা থাকে।'

মিকা সিং দাবি করেন, সালমান দিনে একরকম ও রাতে অন্যরকম। তার মুড বোঝা খুবই কঠিন। মুড যদি ভালো থাকে, তাহলে সে রাজা। আর মুড খারাপ থাকলে, সালমানের থেকে বড় গুণ্ডা আর কেউ নেই।

মিকা আরও বলেন, 'সালমান দিনের বেলা কিছুটা খিটখিটে থাকেন। তার সঙ্গে কথা বলার সেরা সময় হলো সন্ধ্যা ছয়টা থেকে রাতের মধ্যে। দুপুর ২টা থেকে ৬টা পর্যন্ত সালমান ভাইয়ের থেকে দূরে থাকাই ভালো।'

# পাকিস্তানকে ছাড়াই এশিয়া কাপ, আশঙ্কা গাভাস্কারের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভারত নিয়ন্ত্রিত কাশ্মীরের পেহেলগাওয়ে সন্ত্রাসী হামলার পরিপ্রেক্ষিতে পাকিস্তানকে নিয়ে এশিয়া কাপ আয়োজন এখন অনিশ্চয়তায় ঘেরা। সাবেক ভারতীয় ক্রিকেট কিংবদন্তি সুনীল গাভাস্কার মনে করেন, এমন পরিস্থিতিতে পাকিস্তান দল এশিয়া কাপে অংশ নেবে না।

এ বছরের শেষ দিকে ভারত ও শ্রীলঙ্কার যৌথ আয়োজনে এই টুর্নামেন্ট হওয়ার কথা থাকলেও সাম্প্রতিক রাজনৈতিক উত্তেজনা এবং নিরাপত্তা পরিস্থিতির কারণে তা এখন ঝুঁকির মুখে।

ভারতীয় সংবাদমাধ্যম স্পোর্টস টু-কে দেওয়া এক সাক্ষাৎকারে গাভাস্কার বলেন, আমি পাকিস্তানকে এশিয়া কাপে দেখছি না।



তিনি আরও বলেন, বিসিসিআই সবসময় ভারত সরকারের নির্দেশ অনুসরণ করে এবং এই ক্ষেত্রেও তার ব্যতিক্রম হবে না। তার মতে, যদি ভারত-পাকিস্তানের মধ্যকার সম্পর্কের উত্তেজনা না কমে, তাহলে পাকিস্তান দল এশিয়া কাপে অংশ নেবে না।

'বিসিসিআই সবসময় সরকারের সিদ্ধান্ত অনুসরণ করে। যদি পরিস্থিতি না বদলায়, তাহলে পাকিস্তানের অংশগ্রহণ সম্ভব নয়,' বলেন গাভাস্কার।

গাভাস্কার আরও বলেন, বর্তমান পরিস্থিতিতে এশিয়ান ক্রিকেট কাউন্সিল (এসিসি) ভেঙে যাওয়ার সম্ভাবনাও উড়িয়ে দেওয়া যাচ্ছে না। বিশেষ করে, পাকিস্তান ক্রিকেট বোর্ডের চেয়ারম্যান মোহসিন নাকভি এখন এই সংস্থার সভাপতির দায়িত্বে থাকায় নতুন জটিলতা সৃষ্টি হয়েছে।

'এমনও হতে পারে যে এসিসি ভেঙে দেওয়া হবে এবং তিন বা চার দলের একটি টুর্নামেন্ট আয়োজন করা হবে। সেখানে হংকং বা সংযুক্ত আরব আমিরাতকেও আমন্ত্রণ জানানো হতে পারে,' মন্তব্য গাভাস্কারের।

তার মতে, ভারত যদি এসিসি থেকে নিজেদের প্রত্যাহার করে নেয়, তবে অন্য দেশগুলোকে নিয়ে স্বতন্ত্র একটি চার বা পাঁচ দলের টুর্নামেন্ট আয়োজন করাও সম্ভব। সেই টুর্নামেন্ট বাংলাদেশ, শ্রীলঙ্কা বা আফগানিস্তানে হতে পারে, যদিও আয়োজক হিসেবে থাকবে ভারতই।

# ১৪ বছরের টেস্ট ক্যারিয়ারে পর্দা টানলেন কোহলি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

টেস্ট ক্রিকেটকে আনুষ্ঠানিকভাবে বিদায় জানালেন ভারতের ব্যাটিং তারকা বিরাট কোহলি। ৩৬ বছর বয়সে দীর্ঘ ১৪ বছরের টেস্ট ক্যারিয়ারের ইতি টানলেন তিনি। ২০১১ সালে অভিষেকের পর এই ফরম্যাটে ভারতীয় ক্রিকেটকে আধুনিক ভাবে গড়ে তোলায় বড় ভূমিকা রেখেছেন তিনি।

কোহলির এই সিদ্ধান্ত এসেছে ভারতীয় টেস্ট অধিনায়ক রোহিত শর্মার অবসরের কয়েকদিন পরেই। দু'জনই এর আগে ২০২৪ সালের টি-টোয়েন্টি বিশ্বকাপে ভারতের শিরোপা জয়ের পর টি-টোয়েন্টি ফরম্যাট থেকে বিদায় নিয়েছিলেন। এখন তাঁরা শুধু ওয়ানডে ক্রিকেটে খেলবেন।

নিজের ইনস্টাগ্রাম অ্যাকাউন্টে এক আবেগঘন বার্তায় কোহলি জানিয়েছেন, এই সিদ্ধান্ত নেওয়া সহজ ছিল না, তবে সময় এখন উপযুক্ত। তিনি লিখেছেন:

"টেস্ট ক্যারিয়ারে ১৪ বছর হয়ে গেল। যখন প্রথমবার সাদা জার্সি গায়ে দিয়েছিলাম, কখনো ভাবিনি এত দূর আসব। এই ফরম্যাট আমাকে পরীক্ষার মুখে ফেলেছে, গড়েছে, এমন শিক্ষা দিয়েছে যা সারাজীবন সঙ্গে থাকবে। সাদা জার্সির মধ্যে আছে ব্যক্তিগত সংগ্রাম আর এমন অনেক মুহূর্ত যা কেউ দেখে না, কিন্তু আজীবন মনে গেঁথে থাকে। বিদায় জানানো কঠিন, কিন্তু মনে হচ্ছে এখনই সঠিক সময়। আমি আমার সবটা দিয়েছি, আর এই খেলা আমাকে তারচেয়েও বেশি কিছু ফিরিয়ে দিয়েছে। আমি কৃতজ্ঞ— এই খেলার প্রতি, আমার সতীর্থদের প্রতি, এবং সেই প্রতিটি মানুষের প্রতি যারা এই যাত্রায় আমাকে অনুভব করেছে। আমি সবসময় হাসিমুখে ফিরে তাকাবো আমার টেস্ট ক্যারিয়ারের দিকে।"

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR